



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

শৃংখলা পরিদপ্তর

আনসার চেম্বার (৭ম তলা), ১৪৯ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

স্মারক নং- ০১-পাউবো/শৃং/শা-৩/অভি(গ)-০২/২০১৮

তারিখঃ ১৮/০৯/১৪২৫ বঙ্গাব্দ
০১/০১/২০১৯ খ্রিঃ“দ গু রা দে শ”

জনাব মোঃ সিরাজুল ইসলাম, মালী, প্রধান প্রকৌশলীর দপ্তর, উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর এর বিরুদ্ধে অতিরিক্ত প্রধান প্রকৌশলী (অঃদাঃ), উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর তাঁর স্মারক নং তিস্তা/১৫-৩০/১৮৪০ তারিখঃ ০৫/০৬/২০১৮ খ্রিঃ এর মাধ্যমে একথানা অভিযোগপত্র প্রেরণ করেন। উক্ত পত্র হতে দেখা যায় যে, বিগত ০৫/০৬/২০১৮ খ্রিঃ তারিখ আনুমানিক সকাল ১১:০০ ঘটিকায় জনাব মোঃ মেহেদী হাসান, নির্বাহী প্রকৌশলী, রংপুর পওর বিভাগ, বাপাউবো, রংপুর জনাব মোঃ সিরাজুল ইসলাম, মালী, প্রধান প্রকৌশলীর দপ্তর, উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর কে তিস্তা ভবনের সামনের বাগানে জঙ্গল পরিষ্কার করতে বলেন; এতে তিনি তৎক্ষণাত ফিল্ড হয়ে দপ্তরের বিভিন্ন কর্মকর্তা ও কর্মচারীর উপস্থিতিতে নির্বাহী প্রকৌশলীর সাথে অশোভন আচরণসহ তাঁকে অপমান অপদস্থ করার অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় শৃংখলা পরিদপ্তরের স্মারক নং-১১৫-পাউবো/শৃং/শা-৩/অভি(গ)-০২/২০১৮ তারিখ-১২/০৮/২০১৮ মোতাবেক উক্ত কর্মচারীর বিরুদ্ধে অভিযোগনামা দায়ের পূর্বক বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১৩ এর প্রবিধান ৫২ মোতাবেক উক্ত কর্মচারীর বিরুদ্ধে কার্যধারা সূচনা করা হয়। সুচিত কার্যধারায় উল্লিখিত অভিযোগনামার প্রেক্ষিতে তার দাখিলকৃত লিখিত বিবৃতি পর্যালোচনান্তে কর্তৃপক্ষ কর্তৃক সন্তোষজনক বিবেচিত না হওয়ায় প্রবিধান ৫২ মোতাবেক অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্ত করার জন্য শৃংখলা পরিদপ্তরের স্মারক নং-১৪১-পাউবো/শৃং/শা-৩/অভি(গ)-০২/২০১৮ তারিখ-২৬/০৯/২০১৮ খ্রিঃ এর মাধ্যমে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়।

২। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে প্রদত্ত যতামত ও আনুসংগিক রেকর্ডপত্র পর্যালোচনায় জনাব মোঃ সিরাজুল ইসলাম, মালী, প্রধান প্রকৌশলীর দপ্তর, উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর কর্তৃক তার উপর অর্পিত দায়িত্ব পালন না করে উপরন্তু নির্বাহী প্রকৌশলী, রংপুর পওর বিভাগ, বাপাউবো, রংপুর-এর সাথে অশোভন আচরণ করায় নির্বাহী প্রকৌশলী অন্যান্য কর্মচারীদের সামনে লজ্জিত ও খেয় প্রতিপন্ন হওয়ার অভিযোগ তদন্তে প্রতিষ্ঠিত হওয়ায় অর্থাৎ তিনি দৌরী সব্যস্ত হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১) (ক) (উ) মোতাবেক তার উপর তার বেতন সংশ্লিষ্ট বেতন স্কেলের ০১(এক) ধাপ নিম্নে অবনমিত করণ (drop off to a lower stage in the concern pay scale) দণ্ড আরোপের বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। এমতাবস্থায়, উক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব মোঃ সিরাজুল ইসলাম, মালী, প্রধান প্রকৌশলীর দপ্তর, উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর এর উপর বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ (১)(ক) (উ) মোতাবেক তার বেতন তার সংশ্লিষ্ট বেতন স্কেলের ০১(এক) ধাপ নিম্নে অবনমিত করণ (drop off to a lower stage in the concern pay scale) দণ্ড আরোপ করা হলো।

৪। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

০১/০১/২০১৯
(ফেরদৌস বেগম)

পরিচালক

পরিচিতি নম্বর-৬৩১২৩০০০১

টেলিফোন নং-৯৫৫০৩৫৩

dir.discipline.bwdb@gmail.com

অঃপৃঃ

স্মারক নং ০১-পাউবো/শৃং/শা-৩/অভি(গ)-০২/২০১৮
প্রোগ্রামার
সহকারী প্রোগ্রামার ১/২
নেটওয়ার্ক প্রকৌশলী
অফিস সহকারী

তারিখঃ ১৮/০৯/১৪২৫
জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ
নথিতে পেশ করুন
নথিতে রাখুন
আগামী পত্র দিন


সিস্টেম এনালিস্ট- ১/২
০১সিটি সেল, বাপাউবো, ঢাকা

স্মারক নং- ০১(৮)-পাউবো/শৃং/শা-৩/অভি(গ)-০২/২০১৮

তারিখঃ ১৮/০৯/১৪২৫ বঙ্গাব্দঃ
০১/০১/২০১৯ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১. প্রধান প্রকৌশলী, উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রংপুর পওর সার্কেল-১/২, বাপাউবো, রংপুর।
৩. পরিচালক, হিসাব রক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। (দপ্তরাদেশে উল্লিখিত দপ্তর কার্যকর করে অত্র দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
৪. পরিচালক, কর্মচারী পরিদপ্তর/কর্মচারী উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৫. নির্বাহী প্রকৌশলী, রংপুর পওর বিভাগ, বাপাউবো, রংপুর।
৬. সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৭. উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, রংপুর।
৮. সিস্টেম এনালিস্ট, চীফ মনিটরিং এর দপ্তর, আইসিটি সেল, বাপাউবো, ঢাকা। (দপ্তরাদেশটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৯. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।
১০. জনাব মোঃ সিরাজুল ইসলাম, মালী, প্রধান প্রকৌশলীর দপ্তর, উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর।


(ফজলুল করিম)
উপপরিচালক

পরিচিতি নম্বরঃ ৬৪০৩১১০০১
টেলিফোন নম্বরঃ ৯৫৬৯৭৭৯